

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪১২৪(আগরতলা, ১২।২)

কাঞ্চনপুর, ১২ ফেব্রুয়ারি, ২০১৯

কাঞ্চনপুরে রক্তদান শিবির অনুষ্ঠিত

কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন দপ্তর ও কাঞ্চনপুর বাজার কমিটির সহযোগিতায় সম্প্রতি মহকুমা শাসকের কার্যালয়ে মহকুমাভিত্তিক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা শাসক অভেদ্যানন্দ বৈদ্য, ডি সি এম অনিমেষ দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। এতে সংশ্লিষ্ট বাজার কমিটির সদস্য-সদস্যগণ সহ বিভিন্ন দপ্তরের কর্মীদের মধ্যে ৪২ জন রক্তদান করেছেন।
